

AP 2
06/08/20

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়
আগারগাঁও, শেরে বাংলা নগর
ঢাকা-১২০৭
www.bpsc.gov.bd

সংশোধিত প্রেস বিজ্ঞপ্তি

নং- ৮০.২০০.০৬৪.০০.০০.০০৭.২০১৫/৫২

তারিখ : ০৬/০৮/২০১৬খ্রি.


বিষয় : নন-ক্যাডার পদে নিয়োগ (বিশেষ) বিধিমালা-২০১০ অনুযায়ী ৩৪তম বিসিএস-এ ক্যাডার পদে সুপারিশ প্রাপ্ত নয় এমন প্রার্থীদের মধ্য হতে নন-ক্যাডার প্রথম শ্রেণির পদে সুপারিশ সংক্রান্ত ০৯.০৩.২০১৬ তারিখের প্রেস বিজ্ঞপ্তির সংশোধনী।

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ৩৪তম বিসিএস থেকে নন-ক্যাডার পদে নিয়োগ সংক্রান্ত কমিশনের ০৯/০৩/২০১৬ তারিখের ৪৫ নং প্রেস বিজ্ঞপ্তিতে প্রকাশিত প্রধানমন্ত্রীর কার্যালয়ের অধীন বিনিয়োগ বোর্ডের সহকারী পরিচালক এবং প্রতিরক্ষা মন্ত্রণালয়ের অধীন আবহাওয়া অধিদপ্তরের সহকারী আবহাওয়াবিদ পদের ফলাফলে তথ্য বিভাগ/নিয়োগ বিধিতে উল্লিখিত শিক্ষাগত যোগ্যতা না থাকায় বিনিয়োগ বোর্ড-এর সহকারী পরিচালক পদের রেজি: নং-০৩৪৮৫৪ এবং আবহাওয়া অধিদপ্তরের সহকারী আবহাওয়াবিদ পদের রেজি: নং-০৪৭৪৬৯ এর প্রার্থিতা কমিশন কর্তৃক বাতিল করা হয়েছে।

২। আবহাওয়া অধিদপ্তরের সহকারী আবহাওয়াবিদ পদের নির্ধারিত শিক্ষাগত যোগ্যতা না থাকার কারণে প্রার্থিতা বাতিলকৃত রেজি: নম্বর-০৪৭৪৬৯ এর প্রার্থীর স্থলে মেধা এবং বিদ্যমান কোটা পদ্ধতি অনুসরণপূর্বক সংশ্লিষ্ট পদের জন্য নির্ধারিত শিক্ষাগত যোগ্যতাদারী নিম্নে বর্ণিত রেজি: নম্বর- এর প্রার্থীকে সহকারী আবহাওয়াবিদ পদে কমিশন কর্তৃক সুপারিশ করা হয়েছে :

প্রতিরক্ষা মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর
পদের নাম : সহকারী আবহাওয়াবিদ
রেজি: নম্বর-০২৯৫৯৬

৩। তথ্য বিভাগ/প্রশাসনিক কারণে ০৯/০৩/২০১৬ তারিখের ফলাফলে উল্লিখিত রেজিস্ট্রেশন নম্বর-৬০১৩৩৮ এবং ০৩১৫৫৫= ০২ জন প্রার্থীর ফলাফল কমিশন কর্তৃক সাময়িকভাবে স্থগিত রাখা হয়েছে। কমিশন কর্তৃক গঠিত তদন্ত কমিটির নিকট প্রয়োজনীয় কাগজপত্র/প্রত্যয়ন দাখিলের জন্য প্রার্থীদেরকে যথাশীঘ্র অবহিত করা হবে।



(আ.ই.ম নেহার উদ্দিন)
পরীক্ষা নিয়ন্ত্রক (ক্যাডার)

নং- ৮০.২০০.০৬৪.০০.০০.০০৭.২০১৫/৫২(২০)

তারিখ : ০৬/০৮/২০১৬ইং।

প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ১। প্রধান তথ্য অফিসার, তথ্য মন্ত্রণালয়, ক্লিনিক ভবন, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (সকল দৈনিক সংবাদপত্রে জরুরি ভিত্তিতে প্রকাশ করার জন্য এবং বেতার ও টেলিভিশন মারফত সংবাদ অনুষ্ঠানে ঘোষণার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে তাঁকে অনুরোধ করা যাচ্ছে)। প্রেস বিজ্ঞপ্তির ৪ টি অতিরিক্ত কপি সংযুক্ত করা হলো।
- ২। মুখ্য বার্তা নিয়ন্ত্রক, বাংলাদেশ টেলিভিশন, রামপুরা, ঢাকা। (বিষয়টি সংবাদ অনুষ্ঠানে ঘোষণা করতে তাঁকে অনুরোধ করা যাচ্ছে)।
- ৩। বার্তা নিয়ন্ত্রক, বাংলাদেশ বেতার, আগারগাঁও, ঢাকা। (বিষয়টি সংবাদ অনুষ্ঠানে ঘোষণা করতে তাঁকে অনুরোধ করা যাচ্ছে)।
- ৪। সিনিয়র সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয় (কমিশন ওয়েবসাইট-এ প্রেস বিজ্ঞপ্তিটি আপলোড করার জন্য তাঁকে অনুরোধ করা হলো)।
- ৫। জনসংযোগ কর্মকর্তা, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয় (তাকে সকল ইলেকট্রনিক এবং প্রিন্ট মিডিয়ায় প্রেস বিজ্ঞপ্তিটি প্রচারের এবং প্রকাশের ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো)।


(আ.ই.ম নেহার উদ্দিন)
পরীক্ষা নিয়ন্ত্রক (ক্যাডার)